অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/5/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে প্রদেশজুড়ে প্রাক-কিন্ডারগার্টেন প্রোগ্রাম (PRE-KINDERGARTEN PROGRAMS) সমর্থন করার জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হবে

তহবিলটি 2,000 এরও বেশি শিশুকে উচ্চমানের প্রাক-কিন্ডারগার্টেন প্রোগ্রামে ভর্তি করতে সাহায্য করবে

ফলস্বরূপ জরুরি প্রয়োজন আছে এমন নয়টি স্কুল ডিসট্রিক্টে প্রথমবারের মতো প্রাক-কিন্ডারগার্টেন সুবিধা দেওয়া হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক জুড়ে 2,000-এর বেশি তিন থেকে চার বছরের শিশুদের জন্য উচ্চমানের প্রাক-কিন্ডারগার্টেন ব্যবস্থা করার জন্য 32 টি জরুরি প্রয়োজন আছে এমন স্কুল ডিসট্রিক্টে 15 মিলিয়ন ডলার প্রদান করা হয়েছে। এই অর্থায়ন খুব কম বয়স থেকেই শিক্ষাগ্রহণ প্রচার করতে এবং সকল শিক্ষার্থীর শিক্ষামূলক ভবিষ্যৎ উন্নত করতে প্রদেশের চলমান প্রচেষ্টার অংশ হিসেবে জরুরি প্রয়োজন আছে এমন বা স্বল্প সুবিধা প্রাপ্ত ডিসট্রিক্টে প্রাক-কিন্ডারগার্টেন সম্প্রসারণ সমর্থন করবে।

"সব শিশু যাতে উচ্চমানের শিক্ষা পাওয়ার সমান সুযোগ পায় তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক অঙ্গীকারবদ্ধ", **গভর্নর কুওমো বলেছেন।** "এই অর্থায়ন স্বল্প সুবিধা প্রাপ্ত কমিউনিটির শিশুদের শিক্ষার ক্ষেত্রে সমান সুযোগ তৈরি করতে সাহায্য করবে এবং শিক্ষার্থীদের সুযোগ এবং সফলতার পথ দেখাবে।"

"সামর্থ্যের মধ্যে উন্নত মানের শিক্ষার সুযোগ পাওয়া গুরুত্বপূর্ণ, বিশেষ করে কম বয়সে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "পুরো প্রদেশে প্রাক-কে-প্রোগ্রাম তহবিল জরুরি প্রয়োজন আছে এমন স্কুল ডিসট্রিক্টে এই সুবিধার ব্যবস্থা করবে এবং প্রতিটি শিশু যাতে সমান সুযোগ পায় তা নিশ্চিত করবে। সব শিশু এবং পরিবারের জন্য কম বয়সেই শিক্ষার ব্যবস্থা করে তাদেরকে ভবিষ্যৎ সাফল্যের পথে নিয়ে আসার জন্য অঙ্গীকারবদ্ধ।"

স্কুল ডিসট্রিক্টগুলিকে তহবিল প্রদান করা হয়েছে তাদের আবেদনের মান এবং ডিসট্রিক্ট এবং শিক্ষার্থীর প্রয়োজন, সর্বোচ্চ প্রয়োজন যাদের এমন শিক্ষার্থী চিহ্নিত করার প্রচেষ্টা, প্রাক-কিন্ডারগার্টেন প্রোগ্রামে শিশুর সংখ্যা সর্বোচ্চ করার প্রচেষ্টাসহ অন্যান্য বিষয়ের উপর ভিত্তি করে। এই অতিরিক্ত 15 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করবে যে জরুরি প্রয়োজন আছে এমন ডিসট্রিক্টসমূহে, যার মধ্যে বর্তমানে কোনো প্রাক-কিন্ডারগার্টেন

ডিসট্রিক্ট অন্তর্ভুক্ত, প্রাক-কিন্ডারগার্টেন সম্প্রসারিত করা সমর্থন করার মাধ্যমে নিউ ইয়র্ক তার সর্বকনিষ্ঠ শিক্ষার্থীদের সমর্থন দেওয়া চালিয়ে যেতে পারে।

2011 সাল থেকে গভর্নর কুওমো নিউ ইয়র্কের কমবয়সীদের শিক্ষার ভবিষ্যৎ উন্নত করার জন্য তাদের কমবয়সীদের শিক্ষার ব্যবস্থা করতে প্রদেশের যে অঙ্গীকার তা দ্বিগুণের অধিক বৃদ্ধি করেছেন। 2013 সালে গভর্নর কুওমো প্রদেশের পূর্ণ-দিবস প্রাক-কিন্ডারগার্টেন আসন তৈরি করেন এবং 2015 সালে নিউ ইয়র্ক প্রথমবারের মতো তিন বছর বয়সীদের জন্য প্রাক-কিন্ডারগার্টেন সম্প্রসারিত করে। এখন প্রাক-কিন্ডারগার্টেনের জন্য নিউ ইয়র্কের বার্ষিক খরচ 800 মিলিয়ন মার্কিন ডলারের বেশি, যা প্রতিবছর 120,000 তিন-চার বছর বয়সী শিক্ষার্থীদের বিনামূল্যে সার্বিক প্রাক-কিন্ডারগার্টেন সুবিধা দিচ্ছে।

রিজেন্টস বোর্ডের (Board of Regents) চ্যান্সেলর বেটি এ. রোজা বলেন, "আমাদের সর্বকনিষ্ঠ শিক্ষার্থীদের জন্য আমাদের অবশ্যই উচ্চমানের প্রারম্ভিক শিক্ষার সুযোগ দিতে পরবর্তী জীবনে সাফল্য থাকতে পারে। রিজেন্টস বোর্ড এবং আমি নিজেও অনেক আগেই কম বয়সে শিক্ষাকে শীর্ষ অগ্রাধিকার দিয়েছি। আমরা গভর্নর কুওমোর প্রতি কৃতজ্ঞ যে তিনি আর্লি চাইল্ডহুড ওয়ার্কগ্রুপের ব্লু রিবন কমিটির এই গুরুত্বপূর্ণ সুপারিশ অগ্রসর করেছেন, এটি নিউ ইয়র্কের সকল শিশুকে জীবনভর শিক্ষাগত ও সামাজিক মানসিক সাফল্যের সরঞ্জাম ও সুযোগ দেওয়ার জন্য আমাদের যে প্রচেষ্টা তার মুখ্য অংশ।"

প্রদেশের শিক্ষা অধিদপ্তরের কমিশনার (Education Department Commissioner) ম্যারিএলেন এলিয়া বলেছেন, "প্রাক-কিন্ডারগার্টেনে নিউ ইয়র্কের বিনিয়োগ উল্লেখযোগ্য পরিমাণ বেড়েছে এবং কম বয়সেই উচ্চমানের শিক্ষা পাওয়ার সুযোগ তৈরি করা এই অধিদপ্তর ও রিজেন্টস বর্ডার জন্য এখনো একটি অগ্রাধিকার। আমাদের সর্বকনিষ্ঠ শিক্ষার্থী এবং তাদের পরিবার যাতে জীবনের প্রয়োজনীয় সেবা এবং সুযোগ পেতে পারে তা নিশ্চিত করতে গভর্নর ও বিধানসভার সাথে করা আমাদের কাজ প্রদেশের শিশুদের ভবিষ্যতের জন্য অতি গুরুত্বপূর্ণ। প্রদেশের শিশু, পরিবার, স্কুল ডিসট্রিক্ট ও কম বয়সীদের সেবা প্রদানকারীদের প্রয়োজন আরো ভালোভাবে মেটাতে আমাদের চেষ্টা চালিয়ে যেতে হবে।"

<u>ডিসট্রিক্ট কর্তৃক প্রদত্ত তহবিল নিম্নে অন্তর্গত করা হয়েছেঃ</u>

BROCTON CSD	$297,951
CANDOR CSD	$322,938
COHOES CITY SD	$137,761
COPENHAGEN CSD	$167,702
DERUYTER CSD	$313,099
DRYDEN CSD	$114,624
DUANESBURG CSD	$146,640
DUNKIRK CITY SD	$1,097,829
FORESTVILLE CSD	$111,105
GANANDA CSD	$370,597
GENESEO CSD	$97,200
KINGSTON CITY SD	$686,572
LIBERTY CSD	$213,414
MONTICELLO CSD	$204,486

MOUNT VERNON CITY SD	$1,113,289
NIAGARA FALLS CITY SD	$662,502
NIAGARA-WHEATFIELD CSD	$830,208
NYC PUBLIC SCHOOLS	$2,289,646
ROCHESTER CITY SD	$2,088,179
ROMULUS CSD	$52,632
RONDOUT VALLEY CSD	$280,800
ROOSEVELT UFSD	$968,150
SACKETS HARBOR CSD	$113,616
SAUGERTIES CSD	$183,328
SCHENECTADY CITY SD	$407,435
SODUS CSD	$176,625
SPENCER-VAN ETTEN CSD	$162,826
SYRACUSE CITY SD	$644,637
TROY CITY SD	$337,845
WATERVLIET CITY SD	$130,919
WESTPORT CSD	$151,200
YORK CSD	$124,245

প্রাক-কিন্ডারগার্টেনের মাধ্যমে কম বয়সে প্রাপ্ত শিক্ষা অর্জনের বিভেদ মুছে দিতে পারে এবং একদম অল্প বয়স হটাকে প্রাপ্তবয়স্ক হওয়া পর্যন্ত সুবিধা প্রদান করতে পারে। জাতীয় কমবয়সী শিক্ষা গবেষণা ইনস্টিটিউট (National Institute for Early Education Research) এর গবেষণায় দেখা গেছে যে যে সব শিশু কম বয়সে উচ্চমানের শিক্ষা প্রোগ্রামে অংশগ্রহণ করে, শৈশব থেকে 21 বছর পর্যন্ত তাদের কগনিটিভ পরীক্ষার স্কোর অপেক্ষাকৃত বেশি হয়, পাঠ এবং গণিত উভয় ক্ষেত্রে তাদের শিক্ষাগত অর্জন তুলনামূলকভাবে বেশি হয়, এবং তাদের চার-বছর মেয়াদী কলেজে যাওয়া ও সফলভাবে চাকরি পাওয়ার সম্ভাবনা বেশি হয়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন